যুগান্তর

তারিখ ...... 20 MAY 2015
পৃষ্ঠা ...১৮... কলাম ...১...

# করিৎকর্মা শিক্ষিকা

ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি

যাত্রীবাহী বাসের সিটে বসে এইচএসসি পরীক্ষার খাতা দেখছেন এক শিক্ষিকা। চলন্ত বাসে এমন দৃশ্য অন্য যাত্রীর মতো এ প্রতিবেদকেরও দৃষ্টি এড়ায়নি। এ সময় ছবি তুলতে গেলে বাধা দেন শিক্ষিকা। তিনি প্রতিবেদকের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন। দাম্ভিক সুরে বলতে থাকেন 'কার নির্দেশে ছবি তুলছেন'। শিক্ষিকার পরিচয় জানার চেষ্টা করা হলে পরিচয় দিতে অস্বীকৃতি জানান। খোঁজ নিয়ে জানা গেছে, তিনি ময়মনসিংহের নান্দাইল আনোয়ার হোসেন খান চৌধুরী মহিলা কলেজের অর্থনীতি বিভাগের শিক্ষিকা ফারহানা বেগম। মঙ্গলবার ময়মনসিংহ-কিশোরগঞ্জ মহাসড়কে ভৈরব থেকে ময়মনসিংহগামী শ্যামল ছায়া বাসে উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এইচএসসির খাতা দেখেন তিনি। নাম প্রকাশে অনিচ্ছুক নান্দাইল ও ঈশ্বরগঞ্জ কলেজের একাধিক শিক্ষক জানান, কোনো অবস্থাতেই বাসে বসে খাতা দেখা যায় না। এটি দণ্ডনীয় অপরাধ।